মেহেরপুরে ৬টি ইউপি নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী ২৮

তৃতীয় দফায় মেহেরপুরের দুটি উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে শেষ দিনে পর্যন্ত ২৮ জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এর মধ্যে গাংনী উপজেলার ৪টি ইউনিয়নে ২১ ও মেহেরপুর সদরে দুটি ইউনিয়নে ৭জন প্রার্থী রিটানিং অফিসারের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

তফসিল অনুযায়ী মনোনয়নপত্র বাছাই ৪ নভেম্বর ও প্রত্যাহারের শেষ সময় ১১ নভেম্বর, ১২ নভেম্বর প্রতীক বরাদ্দ, ভোটগ্রহণ হবে ২৮ নভেম্বর।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত মো: রেজাউল হক,সাবেক চেয়ারম্যান মো: আলম হোসেন,আব্দুল আলিম,আব্দুর রউফ,আব্দুর রশিদ,গোলাম সারোয়ার আজম ও আব্বাস আলী।

ষোলটাকা ইউনিয়েনে আওয়ামীলীগ সমর্থিত মো: দেলবার হোসেন,বর্তমান চেয়ারম্যান মনিরুজ্জামান মনি,আনোয়ার পাশা ও জাতীয় পার্টির জান মো: মিন্টু।

ধানখোলা ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক,বর্তমান চেয়ারম্যান আখেরুজ্জামান,আলী আজগর,রিপন হোসেন ও ইসলামী আন্দোলনের তহিরুল ইসলাম।

রায়পুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত বর্তমান চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন ও আব্দুর রব,হুমায়ন কবির,হাফিজুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার বুড়িপুতা ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত শাহ জামাল,আমিরুল ইসলাম ও রেজাউল হক। কুতুবপুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান ইদ্রীস আলী,সাইফুল ইসলাম,সেলিম হোসেন,ইসলামী আন্দোলনের রোকুনুজ্জামান।

জেলা নির্বাচন কর্মকর্তা আবু আনসার জানিয়েছে,কাজিপুর ও ষোলাটাকা ইউপিতে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো:

আলাউদ্দীন,ধানখোলা ও রায়পুর ইউপিতে জনস্বাস্থ্য’র সহকারী প্রকৌশলী মাহফুজুর রহমান ও মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা কবির উদ্দীনকে কুতুবপুর ও বুড়িপুতা ইউনিয়নে রিটানিং অফিসারের দায়িত্ব দেয়া হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগসহ ৫ ইউনিটের সম্মেলনের দিন নির্ধারণ

মেহেরপুর জেলা আওয়ামী লীগসহ ৫টি ইউনিটের সম্মেলনের দিন নির্ধারণ করা হয়েছে। অন্য ইউনিটগুলো হচ্ছে মেহেরপুর পৌর আওয়ামী লীগ, সদর উপজেলা আওয়ামী লীগ, গাংনী উপজেলা আওয়ামী লীগ ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

আজ বৃহস্পতিবার বিকালে জেলা আওয়ামী লীগের বর্ধিত সভা থেকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত মোতাবেক ৬ ডিসেম্বর জেলা আওয়ামী লীগ, ১৮ নভেম্বর মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, ১৯ নভেম্বর সদর উপজেলা আওয়ামী লীগ, ২০ নভেম্বর মেহেরপুর পৌর আওয়ামী লীগ ও ৫ ডিসেম্বর গাংনী উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হবে।

বর্ধিত সভায় কেন্দ্রীয় আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাছিম প্রধান অতিথি এবং সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেলন প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন।

গাংনীর গাড়াবাড়িয়ার পল্টু

ফেন্সিডিল সহ গ্রেফতার

মেহেরপুরের কুলবাড়িয়া থেকে ৮ বোতল ফেন্সিডিল সহ পল্টু মিয়া (৩৬) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার বিকাল ৩ টার সময় কুলবাড়িয়া ঈদগা-কবরস্থান এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। পুলিশের দাবি গ্রেফতারকৃত পল্টু মিয়া পেশায় মাদক ব্যবসায়ী। তার নামে জুয়ার মামলা সহ নানা অভিযোগ রয়েছে। সে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া স্কুল পাড়ার আব্দুল হামিদের ছেলে।

মেহেরপুর সদর থানার এএসআই কহেতুর জানান,মাদক ব্যবসায়ী পল্টু মিয়া কুলবাড়িয়া ঈদগাঁ-কবরস্থান এলাকায় ফেন্সিডিল বিক্রির জন্য অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে এস আই সুমন ও এএসআই মনির হোসেন মাদক বিরোধী অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ মো: দারা জানান, ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় পল্টু মিয়ার নামে মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।

গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে বোমা সাদৃশ্য ২টি বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ০২ নম্বর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের গ্রিলের পাশ থেকে এ বস্তু দুটি উদ্ধার করা হয়।
৪ নম্বর ওয়ার্ড রামদেবপুর গ্রামের চৌকিদার মনিরুল ইসলামের নিকট থেকে জানা গেছে, রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের ভেতরের অংশে গ্রিলের পাশে একটি টিস্যু শপিং ব্যাগের মধ্যে লাল টেপ দিয়ে

জড়ানো দুটি বোমাসদৃশ বস্তু দেখতে পান। তাৎক্ষণিকভাবে তিনি এ বিষয়টি স্থানীয় লোকজন ও তার কর্মকর্তাকে জানান। সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম বস্তু দুটিকে উদ্ধার করে বালতির পানিতে ডুবিয়ে নিয়ে যায়।
তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম জানান, লাল টেপ দিয়ে জড়ানো দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়েছে বিষয়টি তিনি শুনেছেন। কে বা কাহারা এ ঘটনা ঘটাতে পারে বলে আপনি মনে করেন? সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে তিনি জানান, কে বা কাহারা এ ঘটনা ঘটিয়েছে সেটা তিনি জানেন না। তবে নির্বাচনকে সামনে রেখে ভয়-ভীতি দেখানোর উদ্দেশ্যে কেহ এ ধরনের কাজ করতে পারে বলে যে তিনি প্রাথমিকভাবে ধারনা করছেন।
এ বিষয়ে গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের পিছন দিক থেকে লাল টিপ দিয়ে জড়ানো বোমা সদৃশ দুইটা বস্তু কে বা কাহারা রেখে গেছে। এমন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল থেকে বস্তুটিকে উদ্ধার করে নিয়ে আসে। তবে কে বা কাহারা কি উদ্দেশ্যে এটা রেখে গেছে প্রাথমিকভাবে তার কারণ জানা সম্ভব হয়নি। এ ঘটনা তদন্তে পুলিশ মাঠে রয়েছেন।

গাংনীতে প্রবাসীর বাড়ি পুড়িয়ে দেওয়ার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামের সৌদী প্রবাসী আলামিন হোসেনের বাড়িতে আগুন লেগে প্রায় ৪ লক্ষাধিক টাকার মালামাল পুড়ে গেছে।
সোমবার ভোররাতের দিকে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। প্রতিবেশীর সাথে পূর্ব শত্রুতার জের ধরে এ ঘটনা ঘটেছে বলে অভিযোগ করেছেন করছেন ওই প্রবাসীর স্ত্রী সোনীয় পারভীন।
সোনীয়া পারভীন জানান, আমার ঘরে আজও বিদ্যুতের লাইন সংযোগ আসেনি। রাতে আগুনের কোনো কাজও করা হয়নি। রাত আনুমানিক পৌনে চারটার দিকে হঠাৎ পাশের রুমে আগুন লাগে। আগুনের লেলিহান শিখা একে একে ঘরের তিনটি রুম ছাঁই করে দেই। আমাদের হৈ চৈ শুনে স্থানীয়রা আগুন নেভাতে ছুটে আসেন। আগুন নেভানোর পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকেও খবর দেওয়া হয়। ফাঁয়ার সার্ভিসের লোকজন পৌছানোর

আগেই বাড়িতে থাকা ফ্রীজ, টেলিভিশন, ঘরের টিন, খাট, লেপ তোশক থেকে শুরু করে সব কিছু পুড়ে যায়।
সোনী পারভীন আরও জানান, প্রতিবেশীর পূর্ব শত্রুতার জের ধরে আমাকে এর আগে মারধর করেছে। সে সব সময় আমাকে নানাভাবে হুমকী ধামকী দিয়ে আসছিলো।
প্রতিবেশী ধিয়ান হোসেন জানান, আগুনের শিখা এতটাই তীব্র ছিলো যে, গ্রামের প্রচুর লোক এক সাথে কাজ করেও আগুন নেভানো সম্ভব হয়নি।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, আগ্নিকাণ্ডের খবর শুনে পুলিশ পাঠানো হয়েছিল। আগুন ধরিয়ে দেওয়ার কোনো ঘটনা ঘটে থাকলে বাড়ির পক্ষ থেকে অভিযোগ দিলে ক্ষতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ফলোআপ:: গাংনীর সাহারবাটি ইউপির খাদ্যবান্ধব কর্মসূচীর তালিকা স্থগিত!

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচীর তালিকা স্থগিত করেছে উপজেলা প্রশাসন। একই সঙ্গে সকল সদস্যকে সঙ্গে নিয়ে সমন্বয়ের মাধ্যমে নতুন তালিকা করার জন্য চেয়ারম্যান গোলাম ফারুককে নির্দেশ দেওয়া হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমি খানম জানান, বিভিন্ন ভাবে অভিযোগ পেয়ে সাহারবাটি ইউপি চেয়ারম্যানকে তালিকা স্থগিত করার নির্দেশ দেওয়া হয়। তিনি বলেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (উপজেলা কৃষি কর্মকর্তা) সাথে কথা বলেও জানতে পারি তালিকায় চেয়ারম্যান একা স্বাক্ষর করেছেন। যে কারণে সকল সদস্যর স্বাক্ষর নিয়ে নতুন তালিকা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে এবং ওই তালিকা স্থগিত করা হয়েছে।
উল্লেখ্য, খাদ্যবান্ধব কর্মসূচী তালিকার ৭৩ জনের মধ্যে চেয়ারম্যানের নিজ ওয়ার্ড থেকে তালিকাভুক্ত হয়েছে ২৮ জন। যারা চেয়ারম্যানের আত্মীয় বলে অভিযোগ করেছেন ইউপি সদস্যরা।

এ নিয়ে গত বুধবার মেহেরপুর প্রতিদিন পত্রিকায় “তালিকার ২৮ জনই চেয়ারম্যানের স্বজন” প্রধান শিরোনামে সংবাদ প্রকাশিত হয় । জেলা প্রশাসকের কাছে দেওয়া অভিযোগে বলা হয়েছে, সদস্যদের সাথে সমন্বয় না করে তালিকা প্রস্তুত করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন। ওই তালিকা যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার দাবিতে জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন ইউপি সদস্যরা। আবেদনের একটি অনুলিপি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছেও দেওয়া হয়েছে।
অভিযোগে বলা হয়েছে, সাহারবাটি ইউনিয়ন পরিষদের সরকারি ভাবে খাদ্যবান্ধব কর্মসৃচিতে ৭৩জন সুবিধাভোগীর তালিকা তৈরি করেছে চেয়ারম্যান নিজে। যার ৯টি ওয়ার্ডের মধ্যে ১ নম্বর থেকে ২ জন, ২ নম্বর থেকে ৪ জন, ৩ নম্বর থেকে ৪ জন, ৪ নম্বর থেকে ৩জন, ৫ নম্বর থেকে ৪ জন, ৬ নম্বর থেকে ৭ জন, ৭ নম্বর থেকে ১৪ জন, ৮ নম্বর থেকে ২৮ জন এবং ৯ নম্বর থেকে ৯ জন করে মোট ৭৩ জনের তালিকা করা হয়েছে। ওয়ার্ডে মাত্র ২৪ জন সুবিধাভোগীদের তালিকা করা হয়েছে। বাকিগুলো চেয়ারম্যান কারোর সাথে সমন্বয় না করে তাঁর নিজের ৮নং ওয়ার্ডে ২৮ জন, পাশের দুটি ওয়ার্ড থেকে ২১ জনের তালিকা করেছেন।

গাংনীতে প্রবাস ফেরত এক ব্যক্তির মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনীতে রবজেল আলী (৫২) নামের এক ব্যক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রবিবার সকাল ১০ টার দিকে উপজেলার কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামের তার নিজ বাড়ি থেকে মরদেহ উদ্ধার করা হয়। রবজেল আলী খাসমহল গ্রামের আবেদ আলীর ছেলে। সে গত দুই সপ্তাহ পূর্বে মালদ্বীপ থেকে দেশে ফিরেছেন।

স্থানীয়রা জানান, রবজেল আলী দির্ঘদিন যাবৎ মালদ্বীপে শ্রমিক হিসেবে কর্মরত ছিলো। সম্প্রতি সে বাড়িতে আসার পর তার স্ত্রীর সাথে মালদ্বীপ থেকে পাঠানো টাকাপয়সা সহ পারিবারিক নানা বিষয়

নিয়ে স্বামী স্ত্রীর মধ্যে বাকবিতন্ডার ঘটনা ঘটে। এ ঘটনার জেরে রবজেল আলীর স্ত্রীর বেলিয়ারা খাতুন নির্যাতনের অভিযোগ তুলে গাংনী থানায় গত শনিবার একটি লিখিত অভিযোগ করে। এসব ঘটনার জেরে আত্মহত্যার ঘটনা ঘটতে পারে।

তবে অপর একটি স্থানীয় সূত্র জানিয়েছে, রবজেল আলীর শশুর গত কয়েকদিন পূর্বে রবজেল আলীকে হুমকি ধামকি দিয়েছে বলে এলাকায় গুঞ্জন রয়েছে। এছাড়া গত শুক্রবার রাতে রবজেল আলীর স্ত্রী রাতের আধারে বাড়ি থেকে চলে গিয়েছিলো। এসব ঘটনায় নানা সন্দেহের সৃষ্টি হয়েছে।

এসব বিষয়ে জানতে রবজেল আলীর স্ত্রীর বেলিয়ারা খাতুনকে পাওয়া যায়নি।

গাংনী থানার এস আই মাসুদ জানান, রবজেল আলীর বিরুদ্ধে তার স্ত্রী বেলিয়ারা খাতুন থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে। অভিযোগটি এখনও তদন্ত করা হয়নি। তবে রবজেল আলী অভিযোগের বিষয়টি অবগত ছিলো।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান, রবজেল আলী নামের এক সদ্য প্রবাস ফেরত এক ব্যক্তির মরদেহ তার নিজ ঘরের সিলিং ফ্যানের সাথে ঝুলতে এমন সংবাদের ভিত্তিতে মরদেহ উদ্ধার করা হয়। রবজেল আলীকে হত্যা করা হয়েছে নাকি নিজেই আত্মহত্যা করেছে তা নিশ্চিত হতে ময়না তদন্তের জন্য মর্গে নেয়া হয়েছে।

গাংনীতে সাপে কেটে নারীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে সাপে কেটে আকলিমা বেগম
(৫৬) নামের এক নারীর মৃত্যু হয়েছে।
রবিবার সকাল ৯ টার দিকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃতু হয়।

আকলিমার পরিবার সূত্রে জানা গেছে, আকলিমা বেগম প্রতিরাতের ন্যায় শনিবার দিবাগত রাতে ঘরে ঘুমিয়ে ছিলেন। মধ্যে রাতে তাকে ঘুমন্ত অবস্থায় একটি বিষধর সাপে দংশন করলে তিনি অসুস্থ হয়ে পড়েন। এসময় তাকে স্থানীয়ভাবে চিকিৎসা দেয়ার পরও তার শারীরিক অবস্থার অবনতি দেখা দেয়। পরে রবিবার সকালে পরিবারের লোকজন তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার জন্য রওয়ানা দেয়। পথিমধ্যে তিনি মুত্যুর কোলে ঢোলে পড়েন।

মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহাম্মেদ মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

গাংনীতে গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জামসহ ৭ মাদক সেবী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৭ মাদক সেবীকে গ্রেফতার করেছে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করা হয়।

শুক্রবার দিবাগত মধ্যে রাতে উপজেলার বামুন্দী নিশিপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান,বামুন্দী নিশিপুর এলাকায় একদল মাদক সেবী মাদক সেবন করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে নিশিপুর গ্রামের খোকন আলীর ছেলে আকুল হোসেন (১৮),এই গ্রামের মহিন উদ্দীনের ছেলে বসির আহমেদ (৩৪),মনিরুল ইসলামের ছেলে রনি (২৩),আব্দুল মতিনের ছেলে হাসিবুল ইসলাম শুভ (৩১),নায়েব আলীর ছেলে আব্দুল হালিম (২০),জিল্লুর রহমানের ছেলে কাবিদুল ইসলাম ওরফে কাদুল (৩৩),নবীছুদ্দীনের ছেলে জহুরুল ইসলামকে (৩৪) গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্ববক আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে নিষিদ্ধ ট্যাবলেটসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে আশিক (১৮) নামের এক মাদকসেবীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।
রোববার রাত সাড়ে ৮ টার দিকে গাংনী বাজারের সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশ থেকে তাকে আটক করা হয়। এ সময় তার দেহ তল্লাশি করে চার পিস নিষিদ্ধ সিনটাডল-100gm ট্যাবলেট উদ্ধার করা হয়। আটককৃত আশিক উপজেলার গাঁড়াডোব গ্রামের পুকুরপাড়ার রবিউল ইসলামের ছেলে।
গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, গাংনী বাজারে সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশে তিনজন মাদকসেবী অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশ পরিদর্শক (তদন্ত) শাহ আলম ও সেকেন্ড অফিসার প্রহলাদ অভিযান চালিয়ে আশিক নামের এক যুবককে ৪ পিস নিষিদ্ধ সিনটাডল- 100mg ট্যাবলেটসহ আটক করেন। এ সময় আশিকের সাথে থাকা দুজন সুকৌশলে পালিয়ে যায়। আটককৃত আশিকের বিরুদ্ধে গাংনী থানায় মামলার প্রক্রিয়া চলছে।